5000Rs.

INDIA NON JUDICIAL

५०००रु.    Rs. 5000

सत्यमेव जयते
भारत

पाँच हजार रुपये    FIVE THOUSAND RUPEES

Certified that the deficit stamp duty Rs. 24250 is paid ... realise from ... of the instrument ... challan No. ... dt. 15/11/94 ... 80.50

Collector u/s 41 D.S.R.
South 24 Parganas Alipore
21.11.94

U/R 3 (8) of the W.B. Prevention of under valuation of (instruments) Rules 1994. Market value assessed at Rs. ... and deficit stamp duty of Rs. ... payable.

Collector u/s 41 D.S.R.
South 24 Parganas Alipore

মূল্য ১,৯৯,৯৩৮ – ৯৯ পয়সা এক লক্ষ নিরানব্বই হাজার নয় শত আটত্রিশ টাকা উনিশ পয়সা মূল্যের নাল বিক্রয় কোবালা দলিল।

কোবালা গ্রহিতা

শ্রী এন. মাইতি পাল
পিতা স্বর্গীয় ... পাল
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং দেবীবাজার দেলগড়ে
কোয়ার্টার নং ৪৫ – ২, ইউনিট – ১,
খড়্গপুর, জিলা মেদিনীপুর।

কোবালা দাতা

শ্রীমতী চামেলী দত্ত
স্বামী ... কুমার দত্ত
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সাবেক সাং ১৮৯/ডি, রাস
বাহাদুর রোড, কলিকাতা – ৩৪
হাল সাং ১০১৬ লালপুকুর রোড,
থানা ঠাকুরপুকুর, কলিকাতা ৬১

Admissible under R. ... duly stamped under ... as amended by Act ... and ... Act ... A ... Stamp Duty ... under the ... Additional duty Paid under the ...

... বিশিষ্ট ... বিশেষ ভাবে বর্ণিত

District Sub-Registrar-II
South 24 Parganas, Alipore
21.11.94

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি এর মধ্যে দাখিলী এবং আর

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रूपये FIVE THOUSAND RUPEES



কমবেশ তিন কাঠা আট ছটাক বাস্তু জমি সহ তদুপরিস্থিত গৃহাদি সহ আব্রু আওতাদি সহ তৎসংলগ্ন ও তৎসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি সহ কমন প্যাসেজ ও নিজ প্যাসেজাদির সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ বিক্রেতার নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগণা, হাল দক্ষিণ ২৪ পরগণা থানা বেহালা হাল ঠাকুরপুকুর রেজিস্ট্রেশন অফিস বেহালা হাল দি কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের ১২৬ নং ওয়ার্ড ভুক্ত ২৯২ নং আদ্য পুকুর রোড রূপে চিহ্নিত , পরগণা বালিয়া, তৌজি নং ৩৫১, রেঃসাঃ নং ৮১, জেঃএলঃ নং ১৬, মৌজা দক্ষিণ বেহালা, হাল ১৫২ নং খতিয়ান ভুক্ত ৫০১ নং দাগের জমি যথাদি একক শেখ নেকটামউদ্দিন মহাশয়ের সুষ্ঠ দখলিয় সম্পত্তি থাকে , উক্তরূপে তিনি মালিক ও দখলিকার থাকা অবস্থায় গত ইংরাজী ২৯।৫।১৯৬৫ তারিখে আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র সহ দাখিলী এবং অত্র

5000Rs

INDIA NON JUDICIAL

५०००रु.    Rs 5000

सत्यमेव जयते
भारत

पाँच हजार रूपये    FIVE THOUSAND RUPEES

।৩।

Chameli Sen

রেজেস্ট্রী বুক ১নং বহির ৪৮ নং ভলুমের ১৮৬ হইতে ১৯৩ পাতায় লিপিবদ্ধ সন ১৯৬৫ সালের ২৭৮০ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে শ্রীমতী গীতা দে স্বামী মনীন্দ্র ভূষণ দে মহাশয়াকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হন। উক্তরূপে উক্ত গীতা দে বর্নিত সূত্রে নির্বিঘ্ন স্বত্বের মালিক ও দখলিকার থাকা অবস্থায় গত ইংরাজী ১৮ ই অক্টোবর ১৯৭৮ তারিখে আলিপুর সাবরেজেস্ট্রী অফিসে রেজেস্ট্রী বুক ১নং বহির ৯৫ নং ভলিউমের ২৪০ হইতে ২৪৪ পাতায় লিপিবদ্ধ সন ১৯৭৮ সালের ৩৮৭৪ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে গীতা দে তাহার বর্নিত ও মূল দখলীয় ১৫২ নং খতিয়ান ভুক্ত ৪৩৯ নং দাগের তিন কাঠা আট ছটাক জমি এই দলিল দাত্রীকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলহীনা হন। আমি এই দলিল দাত্রী উক্ত গীতা দে মহাশয়ার নিকট হইতে সঞ্চিত স্ত্রীধনে উক্ত সম্পত্তি খরিদ করিয়া নির্বিঘ্ন স্বত্বের মালিক ও দখলিকার হইয়া সাবেক সাউথ

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি এর সহ দাখিলী এবং এর

5000Rs

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रूपये FIVE THOUSAND RUPEES

181

সুবারবন মিউনিসিপ্যালিটী হাল দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নাম খারিজ করায় উক্ত সম্পত্তি বর্তমানে ২৯২ নং ঝাল পুকুর রোড প্রেমিসেস রূপে চিহ্নিত আছে।

বিশেষ ভাবে উল্লেখ থাকে যে আমি এই দলিল দাতা উক্ত আমার খরিদা সম্পত্তির উপর থাকা কিছু ইমারত নির্মাণ প্রকল্পে অনুমোদিত সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটী হইতে প্ল্যান পাশ করাইয়া লই যাহা প্ল্যান নং ২১০২২ তারিখ ১৬।৬।১৯৮২ রূপে লিখিত আছে। অতএব উক্ত মঞ্জুরীকৃত প্ল্যান অনুযায়ী আমি আমার খরিদা জমীতে একতল বিশিষ্ট নিম্ন তফশীলে বিশেষ ভাবে বর্ণিত পাকা ইমারত নির্মাণ করিয়া অদ্যাবধি বাসে ভোগদখল ও মালিক দখলিকার হইয়াছি ও আছি।

এক্ষণে উপরোক্ত নিম্ন তফশীলে বিশেষ ভাবে বর্ণিত গৃহাদি উক্তরূপ একত্র

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি এই সহ দাখিলী এবং এই

2000Rs

INDIA NON JUDICIAL

२०००रु. R$ 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये TWO THOUSAND RUPEES



প্রয়োজন হওয়ায় এবং তাহার খরচাদি বহন করিবার মত আমার যথাযথ আর্থিক সঙ্গতি না থাকায় এবং নানাবিধ কারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজনে আমার উপরোক্ত ও নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি এই দলিল গ্রহিতা সরজমিনে পরিদর্শন করিয়া উক্ত সম্পত্তি যায় অনুপরিস্থিত গৃহাদি যে অবস্থায় আছে সেই অবস্থায় আপনি এই কোবালা গ্রহিতা যাহা বর্তমান বাজারপ্রচলিত সর্বোচ্চ পণ কেবলমাত্র ১,৯৯,৯৩৮ – ১৯ পয়সায় খরিদ করিতে রাজী হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে উক্তধার্য্য পণের সমুদয় টাকা নিম্ন টাকার রসিদমত বুঝিয়া পাইয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি অদ্যকার তারিখে এই কোবালা দলিল মূলে আপনাকে দান বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে আমি যায়

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি এই সহ দাখিলী এবং এই

2000Rs

INDIA NON JUDICIAL

२000रु.　　Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये　TWO THOUSAND RUPEES



আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনি অদ্য হইতে আমার ন্যায় আমার পূর্ব্বাধিকারীর যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান ও মালিক দখলিকার হইয়া হাল দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে বা যে কোন প্রয়োজনীয় স্থানে অত্র কোবালা দলিলের বলে আপনার নিজ নাম পত্তন বা জারি করাইয়া লইয়া যথারীতি খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া দান, বিক্রয়, হস্তান্তরাদি সর্ব্ব প্রকার হস্তান্তরের অবাধ স্বত্বে যুক্তে ও পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদিচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কস্মিনকালে কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না বা করিলেও তাহা অত্র দলিলের বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক ,

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র সহ দাখিলী এবং অত্র

10 RS.






বায়না, খাইখালাস, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনও প্রকারে হস্তান্তর বা দায়যুক্ত করি নাই বা উহাতে অপর কোন ব্যক্তির অংশীদার বা দাবীদার নাই বা উহা কোনও আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে বা উহা কাহারও জামানতে ও খোরপোষের দায়ে আটক বা আবদ্ধ নাই বা উহা আমি ইতিপূর্বে কোন মসজিদে, মন্দিরে বা দেবোত্তরের কাজে অর্পণ করি নাই বা একুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা সি,এম,ডি,এ, কর্তৃক গৃহীত হয় নাই বা কোন প্রকার অধিগ্রহণের নোটিশ পাই নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় এই কোবালা মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তিতে দখলকার খাস দখল দিলাম।

ভবিষ্যতে এই দলিলের কোনরূপ ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইলে আপনার খরিদা সূত্র সম্পূর্ণ সুদৃঢ় করার জন্য এই কোবালার পোষকে যুক্তি সঙ্গত যে কোন দলিল করার প্রয়োজন হইলে তাহা আমি বিনা পণে বেওজরে আপনার খরচায় সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি এই সহ দাখিলী এবং এই

ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা ভুওকী থাকা প্রকাশ পাইলে আইন মাফিক আমলে আসিব ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় এই দলিলের যাবতীয় শর্ত সম্যক অবগত হইয়া ও তাহার মর্ম বুঝিয়া সহ এই দলিলের যাবতীয় শর্তে আমি সহ আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য থাকিয়া এই কোবালার পণের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া আপনার নামে বরাবরে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তারিখ ইংরাজী সন ১৯৯৪ সালের ১০ ই নভেম্বর, মোতাবেক বাংলা সন ১৪০১সালের ২০ শে কার্তিক ।

## তফসীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুরপুকুর, রেজিষ্ট্রেশন অফিস বেহালা, হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২৬ নং ওয়ার্ড ভুক্ত, এসেসী নং ৪১ - ১২৬ - ২০ - ০২৯২ - ৯, প্রেমিসেস নং ২৯২ নং জালপুকুর রোড রূপে চিহ্নিত এবং স্থানীয় ১০১৬ জাল পুকুর রোড রূপে পরিচিত পরগণা খাসপুর, মৌজা দক্ষিণ বেহালা, জেঃএলঃ নং ১৬, রেঃসাঃ নং ৮১, তৌজি নং ৩৫১, খাস ১৫২ নং খতিয়ান ভুক্ত ৪৩৯ নং দাগে কমবেশ তিন কাঠা আট ছটাক বা ২৫২০ বর্গ ফিট পরিমিত বাস্তু জমির উপর নির্মিত দুই খানি শয়ন ঘর, ডাইনিং রুম, রান্নার ঘর, সহ বারান্দা ইত্যাদি মোট কভার্ড এরিয়া ৯৮০ বর্গ ফিট কারপেট এরিয়া ৭৮৮ বর্গ ফিট আংশিক ভগ্ন প্রায় অসম্পূর্ণ অবস্থায় সহ আরও আওতাভুক্ত সহ তদসংলগ্ন ও তদসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি সহ যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ এই কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । বিক্রীত সম্পত্তি এই সহ দাখিলী এবং এই


# SITE PLAN

FOR SRI NANDALAL PATRA, AT PREMISES NO. 292, TALPUKUR ROAD, UNDER R.S. KH. NO. 152, IN PART OF R.S. DAG. NO. 439, J.L. NO. 16, R.S. 81, TOUZI NO. 351, MOUZA-DAKSHIN BEHALA, DISTRICT:- 24-PARGANAS (SOUTH) P.S. THAKURPUKUR, WITHIN CALCUTTA MUNICIPAL CORPORATION (S.S. UNIT) WARD NO. 126.

SCALE:- 1" = 8'-0"

REFERENCES

| | | |
|---|---|---|
| 1. AREA OF LAND WITH EX. BUILDING = 3K-8CH-0 SFT. | = 234·108 m² | |
| 2. CARPET AREA OF EX. BUILDING INCLUDING S/RM = 788 SFT. | = 73·205 m² | SHOWN THUS |
| 3. COVERED AREA OF EX. BUILDING = 983 SFT. | = 91·321 m² | |
| 4. AREA LEFT OPEN = 1537 SFT | = 142·787 m² | |




Chandra Sen

VENDOR'S SIGNATURE

B Banerjee
25-10-94

DRAWN BY

দক্ষিণের একাংশ ধরা নকশায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সুচিহ্নিত ও সুবিদিষ্ট রহিল। উক্ত বিক্রীত সম্পত্তি সংলগ্ন কমন প্যাসেজ ও সিঁড়ি প্যাসেজাদির উপর বা তলদেশ দিয়া জলের পাইপ, ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, গ্যাস পাইপ, ড্রেন ইত্যাদি আনা লওয়া এবং অবাধ যাতায়াত চলাচলের সর্ব্ববিধ অধিকার ও সর্ব্ববিধ ব্যবহারিক সুখাদি বায়ু সর্ব্ববিধ সুখাদি সহ এই কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে।

চৌহদ্দি ঃ–

উত্তর – ঐ নম্বর লট।
দক্ষিণ – ৪০৯ নং দাগের জমি।
পূর্ব্ব – ১২' প্রশস্ত কমন প্যাসেজ।
পশ্চিম – জানপুকুর রোড।

পণের টাকার রায়

সম্পাদন কালীন ক্রেতার নগদ – টাঃ ১,৯৯,৯৩৮ – ১৯ পয়সা
মবলগ এক লক্ষ নিরানব্বই হাজার নয় শত আটত্রিশ টাকা উনিশ পয়সা মাত্র বুঝিয়া পাইলাম।

Chameli Sen

সাক্ষি ঃ–
Nihar Kanti Sen
144, Ramdulal Sircar St.
Calcutta-6.

Milan Chowdhury
290, Jodhpur Park
Kolkata-700068

মুসাবিদাকারক
Niranjan Bhattacharjee
এ্যাডভোকেট
জজেস কোর্ট আলিপুর

টাইপকারক
[illegible]
আলিপুর পুলিশ কোর্ট